

ষষ্ঠ জাতীয় শিক্ষা কমিশন

প্রথম পাতার পর

অধ্যাপক এম এ হাদী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মমিন চৌধুরী, উনুত বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. শমসের আলী, নর্থ সউথ বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য হাফিজ জিএ সিদ্দিকী, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির উপাচার্য ড. বজলুল মবিন চৌধুরী, বাংলা একাডেমীর চেয়ারম্যান অধ্যাপক ওয়াকিল আহমেদ, শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি অধ্যাপক এম শরিফুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সেদিক হুইয়া, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সাবেক মহাপরিচালক আজিজ আহমেদ চৌধুরীসহ প্রমুখ শিক্ষকবৃন্দ।

৬ মাসের মধ্যে এ শিক্ষা কমিশনের রিপোর্ট প্রদানের জন্য বলা হয়েছে এবং আলোচনায় জনমত যাচাই করে এ রিপোর্ট প্রদান করা হবে বলে জানা গেছে।

এ কমিশন ইসলামি সমাজের মূল্যবোধকে গুরুত্ব দিয়ে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করবে বলে জানা গেছে।

ষষ্ঠ জাতীয় শিক্ষা কমিশন

গঠনের অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী

কাগজ প্রতিবেদক : জাতীয় শিক্ষানীতি প্রণয়নের লক্ষ্যে ষষ্ঠ জাতীয় শিক্ষা কমিশন গঠনের অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী বেগম ফাতেমা জিহাদ। গতকাল রোববার জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে রাষ্ট্রপতির বক্তব্যে এ তথ্য জানানো হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক মনিরুজ্জামান সিদ্দিকী নতুন শিক্ষা কমিশনের চেয়ারম্যান হয়েছেন। কমিশনের অন্য সদস্যরা হলেন, শিক্ষা সচিব মোঃ শহীদুল আলম, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব অধ্যাপিকা তাহমিনা হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম এ ফাতেজ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, বুয়েটের উপাচার্য অধ্যাপক আলী মর্জুা, কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুস্তাফিজুর রহমান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

● প্রথম পৃষ্ঠা ২ ফায় ৫